# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
# BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


## শোকবার্তা



### বিদায় দেশনেত্রী, চির অম্লান

আজ ৩০ ডিসেম্বর ২০২৫ সাল। গভীর বেদনা ও শুন্যতা আক্রান্ত হয়ে বাংলাদেশ ও বিশ্ববাসীকে বিদায় জানাতে হলো সমকালীন বিশ্বের এক রাজনৈতিক নক্ষত্রকে। দেশনেত্রী বেগম খালেদা জিয়া আজ ভোর ৬ টায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি শুধু প্রথম নারী সরকার প্রধান ও তিন দফায় বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করে কিংবদন্তী হননি, তিনি ছিলেন এ দেশে জাতীয়তাবাদী রাজনীতির পুনরুত্থানকারী, গণতন্ত্রের মন্ত্রে বিশ্বাসী, সংসদীয় গণতন্ত্র ও তত্বাবধায়ক প্রথার প্রবর্তক এক পূর্বদৃষ্টান্তহীন আধিপত্যবাদ বিরোধী, দেশপ্রেমিক, প্রজ্ঞাবান ও মহিয়সী রাজনৈতিক ব্যক্তিত্ব। সার্বভৌমত্ব, দেশপ্রেম, জনকল্যাণ, সাম্য, সততা ও ন্যায়পরায়নতায় তিনি ছিলেন আপোষহীন। রাষ্ট্র পরিচালনায় তিনি ছিলেন এক যুগান্তসৃষ্টিকারী ব্যাক্তিত্ব। ৯০ এর গণঅভ্যুত্থানে নেতৃত্ব প্রদানের মাধ্যমে স্বৈরাচার এরশাদ সরকারের পতন ঘটিয়ে তিনি তাঁর পূর্বসূরী মহান স্বাধীনতার ঘোষক ও স্বাধীনতা পরবর্তী রাজনৈতিক ও আর্থ-সামাজিকভাবে বিপন্ন দেশে বহুদলীয় গনতন্ত্রের প্রবর্তক ও তলাহীন ঝুঁড়ি থেকে দেশকে সমৃদ্ধি ও মর্যাদার স্থানে উন্নীত করায় সফলকাম শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ধারাবাহিকতায় দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসাবে ১৯৯১-১৯৯৬ ও ২০০১-২০০৬ সালে দায়িত্বপালন কালে দেশকে উন্নয়নের এক নিশ্চিত শুভগন্তব্যের যাত্রাপথে ধাবিত করেন। দেশশাসন ও সংগ্রামে তিনি ছিলেন গণমানুষের পাশে।

দুর্ভাগ্যের বিষয় যে তাঁর শাসন পরবর্তী নানা ষড়যন্ত্রের মুখে দেশে স্বৈরাচারের হাত ধরে অপশাসন, দুবৃর্ত্তায়ন ও ফ্যাসিবাদের গোড়াপত্তন হয়। বেগম খালেদা জিয়া ও তাঁর দলসহ বাংলাদেশের জাতীয়তাবাদী শক্তি ধারাবাহিকভাবে ঈর্ষা, প্রতিহিংসা ও নির্যাতনের শিকার হয়ে রাজনৈতিক ভাবে নির্মূল হওয়ার ঝুঁকিতে পড়েন। তাঁকে মিথ্যা মামলায় সাঁজা দিয়ে কারাবন্দী করা হয়। যথাযথ চিকিৎসা থেকে বঞ্চিত করা হয়। ২০২৪ এর জুলাই এ রাজনৈতিকশক্তি-ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ফ্যাসিবাদী শাসক ও সরকারের বিদায় হলে তিনি কারামুক্ত হন। কয়েক মাস উপযুক্ত চিকিৎসার সুযোগ পেলেও প্রানান্তকর চেষ্টা চালিয়েও শেষ রক্ষা করা যায়নি। তাঁর মৃত্যু বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি যতিচ্ছেদ ঘটালেও বেগম খালেদা জিয়া আজ এক অবিস্মরনীয় স্বার্বভৌমত্ব রক্ষাকারী, দেশপ্রেমিক, অন্যায় অত্যাচার, নিপীড়ন, দুঃশাসন ও ফ্যাসিবাদ বিরোধী এবং গণতন্ত্রপ্রত্যাশী, জনদরদী ও সমৃদ্ধিকামী আপোষহীন জননেত্রী ও রাষ্ট্রনায়ক হিসাবে ইতিহাসে অমর হয়ে থাকার জনপ্রতিশ্রুতি অর্জন করতে সক্ষম হয়েছেন। মৃত্যুর অনিবার্যতা তাঁর অপরাজেয় হয়ে উঠতে কোন বাঁধা তৈরী করতে পারবে না।

সর্বজনগ্রাহ্যতা, দেশবাসীর ভালোবাসা-ও আস্থা অর্জন এবং জনপ্রিয়তায় তিনি ছিলেন সর্ব শীর্ষে, অনতিক্রম্য ও অবিসম্বাদিত। সকল প্রকার বিভাজন ও বিভেদে তিনি ছিলেন অটুট ঐক্যের প্রতীক। অন্যায়, অন্যায্যতা, ধ্বংস ও নৈরাজ্যের বিপক্ষে তাঁর নিরঙ্কুশ ও অনড় অবস্থান ছিল ন্যায়, ন্যায্যতা, নিরপেক্ষতা, শান্তি, সম্প্রীতি ও সৌহার্দ্যের পক্ষে। শান্তিপূর্ণ ও সহনশীল ধর্মীয় সহাবস্থান ছিল তার অন্যতম রাজনৈতিক অঙ্গিকার। তরুণদের শক্তিতে তাঁর বিশ্বাস ছিল অবিচল। রোগকাতর অবস্থায় দেশবাসীর প্রতি তাঁর শেষ ভিডিও ভাষণেও তিনি শান্তি, প্রগতি ও সাম্যের ভিত্তিতে আগামীর বাংলাদেশ বিনির্মাণে তরুণদের হাত শক্তিশালী করার আহ্বান জানান; প্রত্যাশা ও প্রত্যয় ব্যক্ত করেন ধ্বংস ও প্রতিশোধ পরিহার করে ভালোবাসা, শান্তি ও জ্ঞান-ভিত্তিক সমাজ গঠনের। তাঁর পারস্পরিক সম্মান ও সৌজন্যবোধ, পরিমিত ও প্রমীত আচরণ, সহনশীলতা ও উদারতা রাজনৈতিক ও সামাজিক পরিমন্ডলে এক পরম মানদন্ড ও অনুকরনীয় হয়ে থাকবে। গণতন্ত্র, স্বাধীনতা ও মানবাধিকার প্রতিষ্ঠায় তাঁর অবদান সত্যিকারে বিরল। তাঁর দৃঢ়চেতা নেতৃত্ব, অসীম সাহসিকতা ও অনবদ্য আত্মত্যাগ বাংলাদেশ ও বিশ্ব জনমানসে চিরস্মরনীয় হয়ে থাকবে। পরিবার ও সাধারণের মানসপটে তিনি এক অনন্য সাধারন, স্নেহশীল ও মমতাময় মাতৃমূর্তি হিসাবে দৃষ্টান্ত হয়ে থাকবেন চিরকাল। জন মানুষের আস্থা, আশা ও আকাঙ্খার ধ্রুবতারা হয়ে তিনি আমাদের স্মৃতিতে অম্লান থাকবেন অনন্তকাল। তাঁর অনুপস্থিতি প্রতি মুহূর্তে প্রতিজনে অনুভূত হবার।

# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল
# BANGLADESH MEDICAL & DENTAL COUNCIL
203, Shaheed Syed Nazrul Islam Sarani, (86, Bijoy Nagar), Dhaka-1000
Phone: 223350968, 223385668, 223385685, 223385686, 223356727
E-mail: admin@bmdc.org.bd, info@bmdc.org.bd, verification@bmdc.org.bd
Website: www.bmdc.org.bd


আমাদের প্রত্যাশা তাঁর অনুপস্থিতিতে বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, দেশপ্রেম এবং সার্বিক জনকল্যাণ ও সমৃদ্ধি বিষয়ে দেশবাসীর মধ্যে যেন ঐক্যমত্য ও সংহতির ব্যত্যয় না ঘটে। দেশবাসী যেন এই মুহূর্তে তাঁর আদর্শ ধারণে, নীতি-নৈতিকতা পালনে ও দেশগঠনে অভীষ্ট লক্ষ্য অর্জনে দৃঢ় প্রতিশ্রুতি ও প্রতিজ্ঞাবদ্ধ হয়ে তাঁর অনবদ্য জীবনকালকে উদযাপন করেন সেই প্রত্যাশা সকলের। আমরা আশাকরি যে তাঁর উত্তরাধিকার হয়ে দেশবাসী জাতীয়তাবাদী আদর্শকে চিত্তে ধারণ করে ও কর্মে পালন করে তাঁরই মত এ দেশকে ও তার মানুষকে ভালোবেসে দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় স্বার্থ সুরক্ষায় অবিচল ও ব্রতী হবে এবং আধিপত্যবাদ, স্বৈরাচার, ফ্যাসিবাদ নির্মূলসহ দেশে সুশাসন, ন্যায্যতা, সাম্য, স্বাধিকার ও সমৃদ্ধি প্রতিষ্ঠায় উচ্চকণ্ঠ ও সচেষ্ট থাকবে।

বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত, দুঃখ ভারাক্রান্ত ও ব্যথিত। আমরা আন্তরিক সমবেদনা ও দোয়া জানাই তাঁর শোক-সন্তপ্ত সন্তান ও পরিবারের সদস্যবৃন্দকে, তাঁর সহকর্মী, অনুসারী ও জাতি-ধর্ম-বর্ণ-বিশ্বাস নির্বিশেষে অসংখ্য গুণগ্রাহীকে। একই সাথে সমবেদনা জানিয়ে আমরা সংহতি প্রকাশ করছি সমগ্র দেশবাসীর সাথে। সকলের সাথে মিলে এই শোককে শক্তিতে পরিণত করতে আমরা আমাদের অঙ্গিকার ব্যক্ত করছি। বেগম খালেদা জিয়ার রূহের মাগফেরাত ও জান্নাতুল ফেরদৌস প্রাপ্তির জন্যে মহান আল্লাহর দরবারে জানাচ্ছি অকুণ্ঠ আবেদন।

প্রেসিডেন্ট, কাউন্সিলর ও কর্মীবৃন্দ